পশ্চিমবঙ্গ সরকার
রেশম শিল্পঅধিকার
সহ-অধিকর্তার করণ
রেশমভবন, বেলগুমা, পুরুলিয়া

স্মারকসংখ্যা...... ১১৫

তারিখ- ২১/০৭/২০২২

পুরুলিয়া-১ ব্লকে'তসর বন্ধু' পদে নিয়োগের আবেদন সংক্রান্ত বিজ্ঞপ্তি

প্রসংগ:- কমিশনার, টেক্সটাইলস ও সেরিকালচার, প:ব: সরকার স্মারকসংখ্যা-৩০২ তারিখ-২২/০৯/২০২১

....

আর.কে.ভি.ওয়াই প্রকল্পে গুচ্ছ ভিত্তিক তসরচাষীদের উদ্যোগ উন্নয়ন সংক্রান্ত প্রকল্পে পুরুলিয়া-১ ব্লকে স্থানীয় তসরচাষী পরিবার থেকে এক বৎসরের জন্য সম্পূর্ন অস্থায়ী পদে ১(এক) জন 'তসর বন্ধু' পদে নিয়োগের জন্য সাদা কাগজে নির্দিষ্ট বয়ানে দরখাস্ত আহ্বান করা হচ্ছে।

আবেদনকারীর যোগ্যতা :-

১) আবেদনকারীকে পুরুলিয়-১ ব্লকের বাসিন্দা হতে হবে।

২) আবেদনকারীকে অবশ্যই তসরচাষী/তসরচাষী পরিবারভুক্ত হতে হবে।

৩) ০১. ০১. ২০২২ তারিখে বয়স ২৫ থেকে ৪৫ বৎসরের মধ্যে হতে হবে।

৪) আবেদনকারীর ভোটার কার্ড এবং আধার কার্ড থাকতে হবে।

৫) শিক্ষাগত যোগ্যতা কমপক্ষে মাধ্যমিক পাশ।

৬) তসরচাষ সংক্রান্ত প্রশিক্ষণ থাকলে অগ্রাধিকার পাবে।

৭) তসরচাষের সাধারণ জ্ঞান এবং স্বনির্ভর দলের সাথে যোগাযোগ রাখার দক্ষতা বাঞ্ছনীয়।

৮) তসরচাষীদের সাথে যোগাযোগ রাখার জন্য আবেদনকারীর একটি বাই-সাইকেল এবং স্মার্ট ফোন থাকতে হবে।

৯) আবেদনকারীর যেকোন রাষ্ট্রায়ত্ত ব্যাঙ্কের শাখায় সেভিংস ব্যাঙ্ক একাউন্ট থাকতে হবে।

১০) আবেদনকারী তসরচাষী পরিবারভূক্ত কিনা সেই সংক্রান্ত একটি শংসাপত্র (সেরিকালচার আধিকারীক কর্তৃক প্রদত্ত) অবশ্যই আবেদনপত্রের সাথে যুক্ত করতে হবে।

নির্বাচন পদ্ধতি :-

১) আবেদনপত্রের সাথে প্রয়োজনীয় নথিপত্র যাচাই করে যোগ্য ব্যক্তিদের মধ্য থেকে সাক্ষাৎকারের(ইন্টারভিউ) ভিত্তিতে প্রার্থী নির্বাচন করা হবে।

কাজের বিবরণ :-

১) প্রত্যেক তসর বন্ধুকে ৮ (আট) টি স্বনির্ভর দলের এবং প্রত্যেক দলে কমপক্ষে ১২ (বারো) জন সদস্য/সদস্যা থাকবেন এবং তসরচাষ সংক্রান্ত সমস্ত কাজ দেখাশুনা করবেন।

২) স্বনির্ভর দলগুলির সংহতিস্থাপন, তসরকীট পালন, বীজ তৈরী সহ সমস্ত কাজের সহযোগিতা এবং তথ্য সংগ্রহ করবেন।

৩) প্রযুক্তি ক্ষেত্র স্তরে পৌছে দেওয়া এবং তসর উন্নয়ন সংক্রান্ত বিভাগীয় প্রকল্পে সহায়তা প্রদান করবেন।

৪) প্রত্যেক তসরবন্ধু ১৫(পনেরো) দিনের কাজের বিবরণপন্জী স্থানীয় মানবাজার টি.এস.সি. (সেরিকালচার আফিস) অফিসে জমা দেবেন।

৫) সন্তোষজনক কাজের শেষে প্রত্যেক তসরবন্ধু পর্যায়ক্রমিক (যেহেতু তসর চাষ একটি মরশুমী চাষ, বছরে সাত মাস উৎসাহ ভাতা) মাসে ৫,০০০.০০ (পাঁচ হাজার) টাকা তাঁর ব্যাঙ্ক একাউন্টে জমা হবে।

৬) এই ধরনের স্বেচ্ছাসেবক (তসরবন্ধু) এক বছরের জন্য অস্থায়ীভাবে নিযুক্ত হবেন।

৭) নির্বাচিত তসরবন্ধু কাজে যোগদানের পূর্বে একটি নিদর্ধারিত বয়ানে একটি হলফনামা জমা দেবেন।

দরখাস্তের ফর্ম পুরুলিয়া ব্লক অফিসে অথবা পুরুলিয়া জেলার ওয়েবসাইট থেকে পাওয়া যাবে।

আবেদনপত্র জমা দেবার সময়সীমা :- ২৫/০৭/২০২২ থেকে ০২/০৮/২০২২(সরকারী ছুটির দিন ব্যতীত) সকাল ১১ টা থেকে বিকেল ৪ টা পর্য্যন্ত)

আবেদনকারী পূরন করা দরখাস্ত ও সমস্ত তথ্যের প্রত্যয়িত কপি মুখবন্ধ খামে পুরুলিয়া-১ ব্লক আফিসে ড্রপবক্সে ০২/০৮/২০২২ বিকেল ৪ টা পর্য্যন্ত জমা দিতে পারবেন।

সাক্ষাৎকারের জন্য যোগ্য প্রার্থী-তালিকা ০৫/০৮/২০২২ তারিখে ব্লক অফিসের নোটিশ বোর্ডে টাঙানো হবে।

অসমপুর্ন দরখাস্ত বা ভূলতথ্য দিলে প্রার্থীপদ বাতিল বলে গন্য হবে।

সাক্ষাৎকারের (ইন্টারভিউ) তারিখ	**১১/০৮/২০২২**
স্থান	**পুরুলিয়া-১ ব্লক অফিস**
সময়	**বেলা ১১ থেকে**

সাক্ষাৎকারের (ইন্টারভিউ) তারিখ প্রয়োজনে পরিবর্তনযোগ্য

নিম্নলিখিত শংসাপত্রের প্রত্যয়িত কপি আবেদনকারীকে দরখাস্তের সাথে জমা দিতে হবে।

১) আধার কার্ড।

২) ভোটার কার্ড।

৩) মাধ্যমিক পাশ মার্কশীট / শংসাপত্র।

৪) মাধ্যমিকের এডমিট কার্ড (বয়সের প্রমান পত্র)।

৫) সেরিকালচার প্রশিক্ষনের শংসাপত্র (যদি থাকে)।

৬) **তসর পরিবারভূক্ত কিনা, তার শংসাপত্র (মানবাজার সেরিকালচার আধিকারীক কর্তৃক প্রদত্ত)।**

৭) অন্য কোন অভিজ্ঞতা থাকলে তার শংসাপত্র।

সহ-অধিকর্তা 21/7/22

রেশম শিল্প, পুরুলিয়া

স্মারকসংখ্যা ১১৫

তারিখ- ২১/০৭/২০২২

প্রতিলিপি অবগতি এবং যথাযথ প্রচারের জন্য প্রেরণ ও অনুরোধ করা হল।

১) কমিশনার, টেক্সটাইলস, সেরিকালচার, প:ব: সরকার, কোলকাতা- ৭০০০১৩

২) জেলা সমাহর্তা, পুরুলিয়া।

৩) অতিরিক্ত জেলা শাসক (উন্নয়ন)।

৪) মহকুমা শাসক (পুরুলিয়া সদর)।

৫) সভাপতি, পুরুলিয়া- ১ পন্চায়েত সমিতি।

৬) সমষ্টি উন্নয়ন আধিকারীক, পুরুলিয়া- ১ উন্নয়ন ব্লক।

৭) পুরুলিয়া- ১ পন্চায়েৎ সমিতির অর্ন্তগত সমস্ত প্রধান , গ্রাম পন্চায়েত।

৮) ভারপ্রাপ্ত আধিকারীক, মানবাজার টি.এস. সি. ।

৯) ভারপ্রাপ্ত আধিকারীক, টামনা,পুরুলিয়া পুলিশ থানা।

১০) জেলা তথ্য আধিকারীক, এন. আই. সি. পুরুলিয়া বিজ্ঞপ্তিটি জেলার ওয়েবসাইটে আপলোড করার জন্য অনুরোধ করা হল।

সহ-অধিকর্তা 21/7/22

রেশম শিল্প, পুরুলিয়া

পুরুলিয়া-১ ব্লকে 'তসরবন্ধু' পদে নিয়োগের আবেদন পত্র

রঙিন পাশপোর্ট ফটো
গেজেটেড অফিসারদ্বারা
প্রত্যয়িত

১। প্রার্থীর নাম :-
২। পিতা/স্বামীর নাম :-
৩। ঠিকানা : (ক) বর্তমান :-গ্রাম:- পোষ্ট:-
গ্রাম-পন্চায়েত:- থানা:-
জেলা:- পিন:-

(খ) স্থায়ী :- গ্রাম:- পোষ্ট:-
গ্রাম-পন্চায়েত:- থানা:-
জেলা:- পিন:-

৪।জন্ম তারিখ:-
৫।বয়স(০১/০১/২০২২ অনুসারে)
৬।শিক্ষাগত যোগ্যতা:-
৭।আধার নাম্বার:-
৮।ভোটার কার্ড নাম্বার:-
৯।আপনি কি সেরিকালচারে কোন প্রশিক্ষন গ্রহন করেছেন? যদি হ্যাঁ হয় তাহলে কোথা থেকে কত দিনের এবং কোন বছর প্রশিক্ষন নিয়েছেন ?
১০।আপনি যদি তসর পরিবারভূক্ত হন, তাহলে কোন ধরনের কাজের সাথে যুক্ত? :- তসর কীট পালন/ তসর বীজ প্রস্তুতকরণ/সুতা কাটাই/অন্যান্য
১১। আপনার বর্তমান পেশা:-
১২। মোবাইল নাম্বার:-
স্থান/তারিখঃ:-

....
(আবেদনকারীর সাক্ষর)

ঘোষনা পত্র

আমি এই মর্মে ঘোষনা করছি যে, উপরিউক্ত বিবরণ আমার জ্ঞান ও বিশ্বাসমতে সম্পুর্ন সত্য।আরো ঘোষনা করছি যে যদি কোন তথ্য ভুল বা অসম্পুর্ন প্রমানিত হয় তাহলে আমার প্রার্থীপদ বাতিল বলে গন্য হবে।

....
(আবেদনকারীর সাক্ষর)